



“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd



স্মারক নং-দুদক/প্রকল্প/শক্তিশালীকরণ/কম্পিউটার সফটওয়্যার/১৪-২০১৯/১২৪৬৬

তারিখ: ৩১/০৫/২০২০

বিষয়: ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনসহ হার্ডওয়্যার, সফটওয়্যার ও আনুষঙ্গিক সেবা ক্রয় সংক্রান্ত দরপত্রের দরপত্র তফসিল বিক্রয়, দরপত্র দাখিল এবং দরপত্র খোলার সময়সূচী সংক্রান্ত বিজ্ঞপ্তি।

অত্র কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন “দুর্নীতি দমন কমিশন শক্তিশালীকরণ” প্রকল্পের আওতায় ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনসহ হার্ডওয়্যার, সফটওয়্যার ও আনুষঙ্গিক সেবা ক্রয় সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি গত ২৯/০৩/২০২০ তারিখ ‘ডেইলি নিউ এজ’ এবং ‘দৈনিক বাংলাদেশ প্রতিদিন’ পত্রিকায় প্রকাশিত হয় (দুদক অফিস স্মারক নং-দুদক/প্রকল্প/শক্তিশালীকরণ/কম্পিউটার সফটওয়্যার/১৪-২০১৯/১২৩৫৮, তারিখ: ২৫/০৩/২০২০)। উক্ত সংশোধিত বিজ্ঞপ্তিতে দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ ১৫/০৪/২০২০ (অফিস চলাকালীন সময়), দরপত্র দাখিলের তারিখ ১৬/০৪/২০২০ সময় ১১.০০ ঘটিকায় এবং দরপত্র খোলার তারিখ ১৬/০৪/২০২০ সময় সকাল ১১.৩০ ঘটিকা পর্যন্ত বৃদ্ধি করা হয়। কিন্তু মহামারি আকারে সারা বিশ্বে ছড়িয়ে পড়া করোনা ভাইরাস জনিত রোগ ‘COVID-19’ ভাইরাস বাংলাদেশেও ছড়িয়ে পড়েছে। উক্ত মহামারি প্রতিরোধকল্পে হোম কোয়ারাইন্টেন-এর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়া পরবর্তী অফিস খোলার পর তৃতীয় কার্যদিবস পর্যন্ত (অফিস চলাকালীন সময়) দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ ধার্য করা, চতুর্থ কার্যদিবসে সকাল ১১.০০ ঘটিকায় দরপত্র দাখিল এবং একই দিনে সকাল ১১.৩০ ঘটিকা পর্যন্ত দরপত্র খোলার সময় বৃদ্ধি করা করার বিজ্ঞপ্তি ১৬/০৪/২০২০ তারিখে ‘ডেইলি নিউ এজ’ ও ‘বাংলাদেশ প্রতিদিন’ পত্রিকায় সংশোধনী বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশ করা হয় (দুদক অফিস স্মারক নং-০০.০১.০০০০.১৭৬.৩৫.০০১.২০.২, তারিখ - ১৪/০৪/২০২০)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়ায় দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ - অফিস খোলার পর তৃতীয় কার্যদিবস পর্যন্ত অর্থাৎ ০২/০৬/২০২০ (অফিস চলাকালীন সময়)। দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় - অফিস খোলার পর চতুর্থ কার্যদিবস অর্থাৎ ০৩/০৬/২০২০ বেলা ১১.০০ ঘটিকায় এবং দরপত্র খোলার তারিখ - একই দিন অর্থাৎ ০৩/০৬/২০২০ সময় ১১.৩০ ঘটিকা।

মোহাম্মদ আব্দুল আওয়াল
প্রকল্প পরিচালক
দুদক শক্তিশালীকরণ প্রকল্প

e-mail: pd.strengthening@acc.org.bd